দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 APR 2017
পৃষ্ঠা 2 ... কলাম ... 6

# কর্মমুখী শিক্ষার প্রতি জোর দিতে হবে

---- শিক্ষামন্ত্রী

■ চট্টগ্রাম অফিস

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'শুধুমাত্র সার্টিফিকেট নির্ভর না হয়ে কর্মমুখী শিক্ষার প্রতি জোর দিতে হবে। শুধু জ্ঞানী হলে হবে না- ভালো মানুষ হতে হবে। দক্ষ জনশক্তিতে রূপান্তর হতে হবে।'

শনিবার রাতে চট্টগ্রাম ক্লাবে চিটাগাং বিজিএমইএ ইনস্টিটিউট অব ফ্যাশন অ্যান্ড টেকনোলজি (সিবিআইএফটি)'র চার বছর পূর্তি ও প্রথম ব্যাচের শিক্ষার্থীদের পাসিং অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

কারিগরি শিক্ষার প্রতি জোর দিয়ে তিনি বলেন, 'যেখানে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের অনুমোদনের জন্য তদবির করা হয়- চাপ প্রয়োগ করা হয় সেখানে এই ধরনের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান আমরা কোনো ধরনের তদন্তই করি না। আমরা প্রস্তাব পাওয়ার সঙ্গে সঙ্গে অনুমোদন দেওয়ার চেষ্টা করি।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর